


# পিপল পার আওয়ার

শোয়েব মোহাম্মাদ

পর্ব : ০৫

অনলাইন মার্কেটপ্লেস পিপল পার আওয়ার সংক্ষেপে পিপিএইচের আদ্যপান্ত নিয়ে ধারাবাহিক লেখার এ পর্বে পিপিএইচের একটি অনন্য অংশ আওয়ার্লির ওপর আলোকপাত করেই এ লেখা। অবিচ্ছেদ্য এ আওয়ার্লির ব্যবহার পিপিএইচ-কে করে তুলেছে অতুলনীয় এবং অন্যান্য অনলাইন মার্কেটপ্লেস থেকে অনেকাংশে ভিন্ন। তাই এর ওপর দক্ষতা আপনার এ ক্রাউডসোর্সিং প্ল্যাটফর্মে সাফল্য বয়ে নিয়ে আসতে অনন্য ভূমিকা পালন করবে।

## আওয়ার্লি কী?

আওয়ার্লি হচ্ছে মিনিপ্যাক কাজের অফার, যা এক থেকে পাঁচ দিনেই আপনি বায়ারকে করে দিতে পারবেন, তা যে সেবাই হোক না কেনো। ওয়েব, গ্রাফিক্স, প্রোগ্রামিং, বিজনেস প্রপোজাল– সবই আওয়ার্লির আওতায় অফার করতে পারবেন।

মিনিপ্যাক বলে এ আওয়ার্লির কাজ সম্পাদনা হয় খুব কম সময়ে। তাই বায়ারেরা এসব আওয়ার্লি কিনতে আগ্রহী থাকে তুলনামূলকভাবে বেশি। ৪০ শতাংশের ওপরে আওয়ার্লি জব আপনাকে স্থায়ী বায়ার খুঁজে পেতে সাহায্য করবে। এটা নিশ্চিত থাকতে পারেন, আওয়ার্লির একটি কাজ সম্পন্ন করার অর্থ আপনার পিপিএইচের প্রোফাইলের র‌্যাঙ্কিং ওপরে উঠানো।

## আওয়ার্লি তৈরির সহজ উপায়

মনে রাখতে হবে, আপনার আওয়ার্লি পিপিএইচে পাবলিশ করার আগে ভালোভাবে গুণাগুণ পর্যালোচনা ও পর্যাপ্ত পরিমাণে পূর্ব পরিকল্পনা করা হয়েছে কি না। প্রথমেই টপ নেভিগেশন বারে সবুজ রংয়ের একটি বোতামে Post Hourlie শিরোনামে ক্লিক করলেই কাজের প্রক্রিয়া শুরু হয়ে যাবে।

দ্বিতীয় ধাপে ফর্ম পূরণ। Post an Hourlie in Seconds-এ I can-এর পরে শূন্যস্থান পূরণ। আপনি যে স্কিল অফার করছেন সেটা ওখানে টাইপ করে বসিয়ে দিতে হবে। এর পরের ঘরে কত টাকার বিনিময়ে কাজটি করছেন তা। এ ক্ষেত্রে ইউএস ডলার কিংবা পাউন্ড বা ইউরো



চিত্র-১ : আওয়ার্লি পোস্ট করার প্রথম ধাপ

সিলেক্ট করতে পারেন। আপনার কাজের মজুরি যত হওয়া উচিত, সেটাই সঠিকভাবে ওখানে উল্লেখ করবেন। খেয়াল রাখবেন, আপনি একাধিক আওয়ার্লি পোস্ট করতে পারবেন। তাই স্কিল অনুযায়ী টাকার পরিমাণ বসিয়ে দিন। এরপরই When will you deliver the Hourlie? ঘরে কত দিনে আপনার কাজটি হবে সেটা উল্লেখ করুন। ঘণ্টার মধ্যে করতে পারলে আওয়ার আর যদি কয়দিনের মধ্যে কাজ শেষ করে বায়ারকে বুঝিয়ে দিতে পারেন তাই উল্লেখ করে দিন সঠিকভাবে। এখানে প্রফেশনালিজমের ব্যাপার আছে। কাজ জমা দিতে পারবেন যতদিনে সেটাই উল্লেখ করুন। দরকার হলে কিছু মার্জিন রেখে দিন। এরপরই কাজের ক্যাটাগরি বেছে নিন। আপনার স্কিলসেট কোনো না কোনো ক্যাটাগরিতে পড়ছে। ভালোভাবে খতিয়ে দেখুন পেয়ে যাবেন।

এবার কাজের ট্যাগ ও ছবি আপলোডের পালা। যেই কাজের স্কিলটি অফার করছেন Upload video or photo লিঙ্কে ক্লিক করে সেটির সাথে তাল মেলানো বা সামঞ্জস্যপূর্ণ একটি ছবি অথবা ভিডিও আপলোড করে দিন। ভিডি আপলোড করলে আপনার আওয়ার্লির চাহিদা বেশি হবে। প্রিয় বচন যুক্ত করতে পারেন Add Quote-এ ক্লিক করে।




চিত্র-২ : আওয়ার্লি পোস্ট করার ফরম

আপনার আওয়ার্লির বর্ণনা দিতে হবে নিচের বক্সে। যতটা সম্ভব সঠিক, নির্ভুল, যথাযথ ও নিখুঁত বর্ণনা দেয়ার চেষ্টা করুন। বুলেট পয়েন্ট ব্যবহার করতে পারেন এজন্য। এখানে দুটো বাক্স রয়েছে। একটিতে আপনার অফার করা আওয়ার্লির বর্ণনা কাজ শেষ করার পর কী কী আপনার বায়ারকে দেবেন আর পরেরটিতে আপনার কাজটি সম্পাদন করতে বায়ারের কাছ থেকে কী কী সহায়ক ডাটা, ইমেজ বা ডিজিটাল রিসোর্সের দরকার হবে তা সবিস্তারে উল্লেখ করে দিতে হবে।

ধরুন, আপনি অ্যাপ্লিকেশন ইউজার ইন্টারফেস ডিজাইনার। আপনার দক্ষতা অনুসারে আইওএসের গেম ইন্টারফেস ডিজাইনের একটি আওয়ার্লি পিপিএইচে পাবলিশ করবেন। এখন আপনার মাথায় রাখতে হবে কীভাবে সরল ভাষায় বলবেন আপনার হবু বায়ারদের, যা আপনি অফার করছেন আর তাদের কাছ থেকে কী কী চাচ্ছেন। যেমন ভিডিও গেমের বর্ণনা, বায়ারের পছন্দসই রং, ডিজাইন স্টাইল, অ্যাপটির নাম ইত্যাদি। এগুলো সব দ্বিতীয় বাক্সে উল্লেখ করে দিতে হবে। How are you planning to work with the buyer-এ সবসময় Remotely দিতে হবে।

এরপর টার্মস অ্যান্ড কন্ডিশন পিপিএইচের T & C নামে পরিচিত দলিলের শর্ত চেক করে দিয়ে নিচের পোস্ট আওয়ার্লিতে ক্লিক করলে হয়ে যাবে আপনার আওয়ার্লি পোস্ট।

## আওয়ার্লি ব্যবহার করে বায়ারদের আকৃষ্ট করার দক্ষ কিছু টিপ

নতুন পিপিএইচারসহ অনেকেই আছেন যাদের আওয়ার্লি সেল পড়তে সমস্যা হচ্ছে তাদের জন্য টিপগুলো ব্যাপক সহায়তা করতে পারে।

০১. মার্কেট রিসার্চ করুন। গুগলে মার্কেট রিসার্চ কীভাবে করতে হয়, সে সম্পর্কে সার্চ করে কিছু জ্ঞান অর্জন করে নিন। এরপর যেই আওয়ার্লি অফার করছেন তা বাজারে কতটুকু সাড়া ফেলতে পারে এমন কিছু চিন্তা করে গুছিয়ে



চিত্র-৩ : আওয়ার্লি পোস্ট করার দুটি গুরুত্বপূর্ণ অনুচ্ছেদ পূরণ

নিন। মনে রাখবেন এমন কোনো স্কিলসেটের অফার করা উচিত, যার কম্পিটিটর কম। এখন অনেকেই বলতে পারেন লোগো ডিজাইনের ক্ষেত্রে ইউনিকভাবে স্কিলসেট অফার করা যাবে কীভাবে। সব কাজই তো এক। এ ক্ষেত্রে লক্ষণীয়, যারা লোগো ডিজাইন পারছেন তারা ▶

ওয়েব লেআউট ডিজাইন থেকে অ্যাপ ইন্টারফেস ডিজাইনও করতে পারবেন। শুধু চাই দুরদর্শী লক্ষ্য আর কাজের নৈপুণ্যতা।

০২. আপনার আওয়ার্লি ফিচার করার একটি অপশন রয়েছে পিপিএইচে। প্রথমে কিছু টাকা উপার্জনের পর সেখান থেকে কিছুটা খরচ করে নিজেকে প্রমোট করার কাজেও লাগিয়ে দিতে পারেন। এ ক্ষেত্রে অনেক সাফল্য আসার কথা। টপ নেভিগেশন বার থেকে Sell Service-এ ক্লিক করার পরই প্রথম যে লিঙ্কটি পাবেন সেটি হলো Promote Yourself-এর পাতা। এখানেই বলে দেয়া আছে নিজেকে ভিন্ন ভিন্নভাবে প্রমোট করা। যেখানে নিজের আওয়ার্লি ফিচার করা যাবে একটি চার্জের বিনিময়ে। নিজেকে প্রমোট তথা আওয়ার্লি ফিচার করা হলে সব রেজিস্টার করা বায়ারেরা আপনার আওয়ার্লির কথা জানতে পারবেন ই-মেইল নোটিফিকেশনের মাধ্যমে।

০৩. একাধিক আওয়ার্লি তৈরি করতে পারেন। আপনার বায়ার কী ধরনের কাজ খুঁজছে তা আপনার পক্ষে বলা মুশকিল। তবে যদি কাছাকাছি স্কিলের একাধিক আওয়ার্লি তৈরি করতে পারেন, তবে আপনার মার্কেটের পরিধি বাড়বে। এ ক্ষেত্রে মনে রাখা উচিত, আপনার আওয়ার্লি যেনো কাছাকাছি স্কিলের হলেও যেসব কিওয়ার্ড, ছবি ইত্যাদি ব্যবহার করছেন তা অনেকটাই ভিন্ন হয়। এতে বায়ারেরা আপনার নিজের কাজের প্রতি ধারণা লাভ করবে, তা আপনার আওয়ার্লি বিক্রির জন্য অনুকূল।

০৪. পিপিএইচে আপনার আওয়ার্লির বর্ণনার অংশে চিত্রের বদলে ভিডিও সংযোগ করা যায়, যা মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট দিয়ে নিজেই বানিয়ে নিতে পারেন। আরও প্রফেশনাল ভিডিও চিত্রের দরকার হলে তা অর্ডার করে বানিয়ে নিতে পারেন। ভিডিওর মধ্যে বর্ণনা করতে পারেন সংক্ষেপে আপনার কাজ, যা অফার করছে আপনার কাজ কেনো অন্যদের চেয়ে ভালো এবং আপনার আওয়ার্লির বিশেষ কিছু বৈশিষ্ট্য, যা বায়ারদের জন্য লাভজনক। এসব বিষয়ে আলোকপাত করে ছোট্ট একটি ভিডিও দিয়ে দিলে আপনার আওয়ার্লির মূল্য অনেক বেড়ে যাবে।

০৫. বাংলাদেশের যত পিপিএইচার আছেন, তাদের সবাইকে একই সাথে তথ্য দিয়ে সাহায্য করার জন্য একটি ফেসবুক গ্রুপ রয়েছে। আপনার ব্রাউজারে www.pphhelp.com টাইপ করলেই সেখানে আপনাকে নিয়ে যাওয়া হবে। এ গ্রুপে পিপিএইচ সংক্রান্ত সব বিষয় নির্ভুল তথ্যভাণ্ডারের সহায়তায় সুবিস্তর আলোচনা করা হয়, বিনামূল্যে আওয়ার্লি সেল পড়তে সমস্যাসহ ভিন্ন ভিন্ন বিষয়ে বাস্তবিক সমাধান দেয়া হয়। আপনি যদি পিপিএইচে আগ্রহী হয়ে থাকেন এবং এমন একটি মার্কেটপ্লেসে বাংলাদেশী হয়ে যোগদান করে বৈদেশিক মুদ্রা অর্জন করতে ইচ্ছুক থাকেন, তাহলে আপনার আওয়ার্লিকে আরও প্রফেশনালভাবে উপস্থাপনের মাধ্যমে গ্রুপে যোগ দিতে পারেন কজ

*ফিডব্যাক : shoeb.mo87@gmail.com*